কল্লান্ত প্রথম সংস্করণ চৈত্র, ১০৫২

ছ' টাকা

বেছল পাৰ্বলিশাসে হৈ পক্ষে প্ৰকাশক—শ্ৰীণটালনাথ মুখাগাখাছ, ১১, বছিন চাটুছেন্ত চ্ৰীট, দ্বি ফ্ৰিন্টিং ছাউ, সৰ পাৰে বুল,কৰ—পূলিনাবিহানী সামধ্য, ৭১, অগার নাকুলাৰ রেছ, কলিকাজা এক্ষেপ্ত পাইক্ষানা—আও কল্যাপাখাছ, এক ও অক্ষ্যতাই মুখ্যা— চাব্বত ফোটোটাইপা ইন্টিভ বিধাই—বেছল বাইভাল

গ্রীমান সুমথনাথ ঘোষ

প্রীতিভাজনেযু

কল্পান্ত প্রারম্ভ ঠিক তা নয়

মূ**খবন্ধ**

हे**णानीः**

সুখবন্ধ 🗯

শিব হঠাং এলৌ আমি। কামারের হাতৃড়ির বারে আঞ্চনের কুশকি বেমন ছিটকে আনে, তেমনি সহর থেকে শিবু ছিটকে প্রামে এলে বাঁড়ালো। বছর তিনেক আগে কবে যেন দে প্রাম থেকে চ'লে যায় এবং দে এতই নগণ্য সাধারণ যে, চ'লে বাবার পর কেউ তার থোজধবরও করেনি। কোনো প্রয়োজনও ছিল না।

শিবুর সঙ্গে এলো জনচারেক সহকর্মী.—ভাগের হাক-ভাকে প্রামের রাজালাট দেবতে দেবতে মুখর। শিবুর পৈতৃক ভিটে ছিল জাওড়াজঙ্গলে ভরা, রাভারাতি সেটার সংস্কার আবন্ধ হরে পোল। ববাই
একেবারে অবাক। এ গুড়ে লোকের অন্ন বন্ধ কুটছে না, মহামারী
রোগে চারদিক মশান হয়ে চলেছে—আর তার মারখানুন এলে সেই
স্নন্ধপ্রদের শিবু কিনা বাড়ীখর ভুলছে? তার নামে জিনিবপাত্র,
মালমদলা আর লোকজন আলে কিনা নৌকাখোগে? প্রামের
লোকেরা অবাক হয়ে শিবুর দিকে চেরে থাকে। এ যুদ্ধে সবই সম্ভব।

ছেলেরা একদিন শিবুর কাছ থেকে একশো টাকা টালা চেয়ে নিয়ে এলো তাদের ঞানৈর জন্তা। সেই শিবু—বার ভাত জুটতো না তিন বছর আপে, বার শেবাপড়া হোলো না এন. ই. ইছলে মানিক আড়াই টাকা নাইনের অভাবে। পরের বাড়ী গতর বাটিয়ে বার বিখবা মা ম'রে গেল এই মাত্র পাঁচ বছর আপে—সেই শিবু! সমগ্র গ্রামে একটা চাপা আলোচনার ভেউ উঠলো তাকে কেন্দ্র ক'রে। গতকাল অপরাহে প্রামের প্রান্তে ওই হুপারীগাছ বেরা নীবির বাবে এক কাঞ্জুলটে পেল। নিরুর লোকেরা ঘূণ্যাধী নিকার করতে থিয়ে তাবের একজনের বন্দুকের ছররাগুলি থিয়ে লাগে একটি নৈরেগের গায়ে। মোরগটি, নারা বার। কছ মিঞা প্রদে তাবের কাছে অছযোগ জানাতেই নিরু তংক্ষাং একথানা দল টাকার নোট তার হাতে গুলো দিল। কছ মিঞা হা ক'রে রইলো।

বিশ্বরের কথা, শিবু ধুতি পরে না; মূল্যবান প্যান্টের গবে পরে
কিন্তের নাট; এবং তার পায়ে আজকালকার ওই কাবুলী ঘুটি-জুতো।
নিগারেটের টিন তার হাতে হাতে কেরে। একটি নিগারেটের প্রায়
আহ্বানা সে বার, বাকিটা পরের পাশে এমনতারে ছুঁড়ে কেনে,—
টিক যেন কাউকে টিল ছুঁড়ে মারলো। শিবুর মূব সর্ববাই হাসি-তানি।

ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট এই গ্রামেই বাকেন। তাঁর নাম
সালং আলা চৌধুরী। ইতিনধাই দিবুর গড়ে তাঁর এমন বনিষ্ঠতা
কাড়িয়ে পাছে যে, এন্দুলটি বান্তাবিকই আনেকের পক্ষে ইবার কারণ
হয়ে উঠেছে। দিবুর বাবা এই সালং আলার জন্মই একদিন মামলায়
হেরে সিয়ে কটুর খয়। তন্তলোক নারাই পোল বছর ধানেকের মধ্যে,

—এ গ্রামে বলতে পোলে দিবুদের আর কিছুই বইলো না তথন থেকে।
লৈপাপড়া দ্রের কথা,—দিবুদের অন্ন জোটেনি কতদিন! ঠিক সেই
সুসুচীয়া বন্ধ আরম্ভ হয়।

সানাং আলী চৌধুরীর অধাবসারে হঠাং দেখতে দেখতে ?উনিয়ন বোর্চের জায়গা-ভদির ওপর কয়েকখানা পাকা করোপে.৩১ থর উঠে বাড়ালো; কেবল তাই নয়, চাল ভাল আর কিছু নগদ টাকার অভ উজনির ইস্কুশ-বরটা এগুনিন বন্ধ ছিল,—দেখানে এটানের প্রাইনারী শিক্ষকরা স্বয়েকজন ছেলেনেয়ে ডেকে ক্লাস বসালো। আনা গেল, ছাএছাত্রীর। বই স্লেট খার জারা কাপড় পাবে। তারপর, অবাক কাঙ! এবই গ্রামে পাচটা টিউবওয়েল ব'লে গেল রাতারাতি; কতুন চালাখরে নরংবি ডাকার গুছিরে বদলো, এবং ছয়টা কেরোশিন, বাঠের বান্ধ বোষাই ঔষধপত্র একদিন নরংবি ডাকারের ভিদপেনবারিতে এবে পৌছল।

কেউ বললে, ননীর ঘাট থেকে আজুরির হাট পর্যন্ত পাকা রাজ্য
 হবে, বর্গায় আর কারা মাধামাধি করতে হবে না—

কেউ বা বললে, আারে রাথ তোর সাদাং আলী---এই বা কিছু সবই শিবুর পদ্দা!

একথা দকলেই বিশ্বাস করে। এ যুদ্ধে সবই সম্ভব।

শিবু তার লোকজন নিয়ে একদিন হাটতলাটা খুরে গেল। তাকে দেখে সবাই আছেই। তার দামী প্যান্টে কালার ছিটে, তার জক্ষেপ নেই। শাঠের বরায় মুক্তোবসানো পোনার বোতাম। হাতে চারটে বিচিত্র আংটি; স্থপদ্ধ সিপারেটে তার বাতাসটি মিট-মুধুর।

কিন্ধু বিনয়ের ভারে অবনত তার মুধ। কোথাও তার আজ্বা-তিমান নেই, আজপ্রচার নেই,—সংগ্রাফে দে-মুধ বদ্ধুবংসল। সর্বদাই সেই ভল্লীটি যেন প্রকাশ করছে, আমি তোমারের সেবক, অতি নগণ্য আমি!

তার পরদিন থেকে হাউতলার লোক লাগলো। পাকা শান-পালিশ ফড়েবের বদবার জারগা; শালালা আলালা হোট বড় ফোকর, জেগেনের জন্ত পৃথক বলোবস্ত; মেয়েবের জন্ত আরু। দেখতে দেখতে প্রামের এদিক থেকে ওদিকে কী জনবব। স্থাগামী সপ্তাহ থেকে বিনামূল্যে ঔষধ, হুধ, কন্টোলের লামে চাল ভাল শার কাপড়! শিরুষেন গ্রামে হুঠাং সম্রাট হয়ে বদলো; এবং দালাং শালী তার প্রধান মন্ত্রী! এটা হবারই কথা, কেননা এটা পির্ব পৈড়কভূমি, এথানে সে মাহথ,—এথানকার পথে পথে এই পেদিনও সে না থেয়ে ট্যানা প'বে ঘূরেছে। আজ সেই পির্ব আবির্ভাবে সোনাভালা যেন বৈচে উঠলো। পির্কেবল যে এ গ্রামে ঐথাই আনলো তাই নয়, পে যেন একটি যিলানের সংবাদও আনলো। এ গ্রামের সেই নগণ্য পির্।

পেদিন কালীবাড়ীতে ছেলের। শিবুকে নিমন্ত্রণ ক'রে আনলো।
শিবুর সঙ্গে আলাপ সন্তাবণ করার জন্ম প্রামের সবাই দেখানে ছড়ো
হয়েছে। কিন্ধ শিবু একা এলো না, সঙ্গে এলো তার চু'জন
দেহরকী; তারা থাকি বংগের জামাকাপড়-পরা। শিবুর পরণে
অতি পরিজ্ঞর ধায়া উাতের ধূতি; গিলে-করা আছির পায়ারী, হাতে
হারের আংটি; শিবুর চোধ দুটি সহেও মাদকতায় জড়ানো। তাকে
নিরীকাণ ক'রে সকলেই কর। সাহাৎ আলী গ্রামের পক্ষ থেকে
শিবুকে সাহর-সন্তাবণ জানিরে বললেন, আমাদের শিবেন্দ্র, গ্রামের
উজ্জ্ঞল রধু--তাকে যথাবোগ্য অভার্থনা করার তাবা আমার নেই।

শিৰু তার ব্ল্যাক এও হোয়াইটের টিন থেকে দিগারেট যা'র ক'রে সবিনয়ে ধরালো। কেবল মিট কঠে বললে, আমি সামান্ত, তবে - আপনাদের মেহেই আমি বড হ'তে পারি।

তার নিগারেট ধরানো দেখে গ্রামের র্ভ্ নেতৃত্বানীয় হরেন রায় মশায় নির্বাক হয়ে তার দিকে তাকিয়ে ছিলেন। বিরু ।খল পচিন ছাব্দিশের বেনী নয়,—কিন্তু তার মাধা এত উচ্চ কঠলো কেমন ক'রে, এ সংবাদ কারো জানা নেই। মোট কথা, এ গুদ্ধে সবই সন্তর।

সেই সভাতেই সাদাৎ আলা প্রকাশ করলেন, নিবেক্ত শীন্ত্রই কলকাতায় ফিরবেন, তবে এই কালীবাড়ীকে নতুনভাবে তৈরী করার জন্তা তিনি পাচ হাজার টাকা দিয়ে যাবেন। তাঁর বরচেই বাতব্য চিকিৎসালর, ইস্থল, অনুসর ইত্যাদি চলবে। তা ছাড়া এ প্রাম থেকে মহামারী, বারিস্তা ও অনুবন্ধের অভাব বোচাবার জন্তা তিনি নাকি বন্ধপরিকর। কুলাহার চ'লে গেলেও বছরে তিনি একবার অবজ্ঞই আসবেন। আমাবের মন্ত সৌভাগ্য হে, তিনি এত কই ক'রে—ইত্যাদি। নির্মকলের প্রতি আনত হয়ে নমন্তার ক'রে উঠে গাঁড়ালো। সভার সকলের মুখেই সাধুবাদ, ছেলেদের মুখে হন্ত হন্ত হন্ত মুখে হন্ত হন্ত। সেই নির্

শিব্র জন্ম গ্রামের সামানায় একটি তাঁবু খাটানো হরেছিল। সেটি
অধ্যয়ী, কারণ শিবুকে শীঘ্রই চ'লে যেতে হবে,—তবু দেই তাঁবুর মধ্যে
সাক্ষরপ্রামের কোনো ক্রটি ছিল না। নির্দিষ্ট সময়ের অপেকা বেনীদিন সে এখানে আছে,—এজন্ন কলকাতা থেকে আরো কয়েকজন
লোকজন এসে পৌছেচে। শিব্র ক্যাম্পের বাইরে আছে ইলেকট্রিক
ভাষনামো,—হতরাং দিনে পাখা ঘোরে, রাজে ইলেকট্রিক
ভাষনামো,—হতরাং দিনে পাখা ঘোরে, রাজে ইলেকট্রিক
ভাষনামো,—হতরাং দিনে পাখা বাহেক বারু-কার্য বাইরেই হয়। মাছ খারে
এনে থাকি পোষাকপর। চাকর-নাকরবা মাছ কৃটতে বুসে, কিয়া মানে
রাধে, কিংবা পোলাও বানায়। আর অনুত্রে আ'লের'কাছে গ্রামের
ক্রেন্ত্রেরার অবাক হয়ে ভারর দিকে তাকিয়ে বাকে।

পেছিন ওই আ'লের ধারের রারটোয় কানা-ফটিকের সঙ্গে শিবুর হঠাং দেখা। কানা-ফটিক ভুঞ[্]টচু ক'রে বললে, পেলাম হই, শিববাব।

শিবু হাসিমুখে নগলে, নাৰু হল্ম কবে খেকে, ফটিক ? কামা-ফটিক বললে, কলকাতার বড়লোক নাবু বৈ কি! শিবু একট্ আখ্রীয়তা ক'বে বললে, কেমন আছে? কী কর আমানের আর থাকাঝাকি। সেই বরামির কাজই করি। তবে কাজ কম---বড় নেই, দড়ি নেই---বুদ্ধে গেল সব। মনে পড়ে, তুমি আমার সঙ্গে কদ্ধিন বেড়া বাঁগতে ?

কানা-ঘটকের কঠে অন্তর্গতার তাপ লক্ষ্য ক'বে শিবু আব কথাটা বাড়াতে চাইলো না: কেবল বললে, মনে হচ্ছে অনেক কালের কথা.—যাকণে: ছোট লাহিড়ীদের থবৰ কি? জানো কিছু?

কানা-ফটিক বললে, ছোটবাৰু মারা গেছেন।

মারা গেছেন ? শিবু চমকে উঠলো।

হাঁয়, মারা গেছেন আজ বছর দেড়েক। হঠাং হেসে ফটিক বসলে, বেশ মনে পড়ে, ছোটবারু ভোমাকে দুচকে দেখতে পারতো না।

শিবু চুপ করে বটুলো কাজকণ। অবজ্ঞ এ সব রখা কানে শোনা, এখন তার পক্ষে কিছু মধাবাহানিকর : কেবল এক সময় একটু শিখাস ফেলে বললে, বুড়ি মা ?

কানা-ম্বটিক বললে, তিনি আছেন, তবে বুবই কটা বলতে গ্ৰেল দিন চলে না ঁচোৱাবাজাৱে চাল কেনা--কাপ্ড কেনা--কোখেকে ' পাবে বলো! বিধবা মাহুম। ছেলেটা নাবালক

শিৰু বললে, আচ্ছা, এসোগে তুমি—

কয়েক পা গিয়ে কানা-ফটিক একবার মূখ ফিরিয়ে শিার দিকে চেয়ে হাসলো:। বললে, তুমি ওদের ভাত অনেক থেয়েং বিবাহু—

শিবু কথা বললে না. ওকথাটা তার কানে না ঢোকাই ভালে?।

তাঁবৃতে ছিবে এসে কানা-ফটিকের কথাটা শিবুর ছই কানে থোঁচাতে লাগলো। ছোট-লাহিছা তাকে ছচকে দেখতে পারতোনা। তব শিব গোপনে গিয়ে ওবের বাছাতৈ ভাত গেয়ে স্বাসতো। ওধানে • গৈ-উপত্তন, তৃহজ্ঞ এবং ঝণ্টী—এতে তুল নেই। কোথায় কোন কৰা কিন্তু ক্ষরতাল লাভিটী ম'বে গেল, নিবৃত্ত ক্ষরতাল পিববর্তন কেবে গেল না। বৈচে থাকলে নিবৃত্ত কোক কিনে কেলতে পাবতো,—তার বব-বামার, আনবাব-নজা সব ক্ষর । নিবৃত্তপেক্ষিত অপমানিত ছিল চিরকাল,—, এবার তার জাগ্রত পৌক্ষ সবাইকে জয় ক'বে নেবার জন্ম ঠিক বেন অব্যোধ্যর গোটাত চায়। লে তার বানের অজ্ঞপ্রতায় সকল উপেক্ষা আর অবংহলাকে জয় করবে।

পরবিন সকালে দে ছোট-লাহিড়ীদের উঠোনে এদে গাড়ালো। খুডিয়া ছিলেন পুজোর যরে, তিনি বেরিয়ে এলেন। বঙ্গালেন, ওমা, শিবু যে ?

শিবু তাঁর পায়ের ধূলো নিল। বুড়িয়া বললেন, অনেকদিন এসেছিস ওনছি, এতদিনে বুঝি মনে পড়লোরে ?

শিবৃ হাসিমুধে বললে, নামা রক্ষাটে কাটছে,—নিরিবিলি ভোমার এথানে আসবো ভেবেছিল্ম।

খুড়িমা বললেন, এখানে থাকবি নাকি ?

না খৃড়িনা, হু' একদিনের মধ্যেই থেতে হবে—আনেক কাজ, তোমরা কেমন আছ?

্ অমনি এক রকম, বাছা। দেখতেই পাছিল, দিনকাল বড় ধারপে। যুদ্ধ কবে থামৰে বল্ভ'?

শিব হাসিমূৰে বললে, যুদ্ধ এখন না খামাই ভালো, খামলেই আমানের লোকসান।

বটে! খুড়িমা বলকোন, তোরা না হয় কেঁপে উঠলি,--আমরা যে তলিয়ে গেলুম রে! আর দিন চলে না। এমন সময়ে বাট থেকে উঠে ভিজা কাপড়ে বৃড়িমার মেয়ে লাবণ। এনে দাঁড়ালো। দিরু মুখ ছিরিয়ে বললে, ভালো ত' লাবণ্য ?

লাবণ্য বাড় নেড়ে তাড়াতাড়ি ভিতরে চ'লে গেল। শিবু বললে,
আমি ভেবেছিলুম লাবণ্যর বিয়ে হয়ে গেছে।

থ্ছিমা বলপোন, তা আর হোলো কোঝার বাছা। বিরের সব ঠিকঠাক,—উনি নারা গেলেন। পাজর তেগে গেল। তারপর এই হুদ্ধের হিভিক,—লাপানীদের তয়ে কে কোঝার পালাবে তার ঠিক নেই। জিনিবপারর পাঙ্রা বায় না, বেশে গ্র্ভিক আর রোগ। বিয়ের টাকাকড়ি দব ধরচ হয়ে গেল। লোকে ধেয়েপ'রে বাঁচবে, না ছেলেমেরের বিয়ে দেবে বল দেখি।

শিব বললে, এ তোমাদের অভায় বৃভিয়া,—অবস্থা বৃক্তে বাবস্থা করা উচিত। তোমরা কলকাতা গেলে না কেন ? সবাই লেখানে যা হোক হু'প্যসা করছে, তোমরাই শুধু পিছিয়ে রইলে।

থ্ডিমাবললেন, ওমা, ভুই বলিস কিরে? জানা নেই, শোনা নেই, কলকাভায় গিয়ে দীড়াবো কোথায় ?

শিবু বললে, বঃঃ, আমি বৃত্তি নেই দেখানে? তোমার কাছে একটা ধবর পেলে আমি অস্ততঃ চেষ্টাও করতে পারতুম।

ু খুড়িয়া বলনেন, তুই ত' সেই তিন বছর আথে গাঁ থেকে বেরিয়ে কাবের সম্বে গেলি কলকাতায়। কে য়েন বলনে, তুই নাকি আসাথে ; কেউ বলনে চাটগাঁয়। তোর এত টাকা হোলো কোথেবে বল্ ত'?

শিব নতমুখে বললে, কি যে বলেন খডিমা—কী আর সামার !

একে ভূই সামায় বলিস ? গাঁৱে একে ভূই নাকি এরই মধ্যে তিরিশ চল্লিশ হাকার টাকা ধরচ করেছিস ? এত পেলি কোখায়, শিবু? শুর্বললে, তোমাদের জন্মে যদি কিছু না করতে পারি, ভবে শুমামার টাকা-প্রসার কোনো দামই নেই, খুড়িমা!

এখন সময় হাসিমূৰে লাবণা বেরিয়ে এলো। এত জভাব আর

আন্টনের মধ্যেও তার খাখাঞ্জীর দিকে তাকিয়ে দিব যেন পলকের

অন্ত একটু উল্লান্ড হ'লে প্ডলো। লাবণা বললে, আনেক টাকা নাকি

তোমার দিব্দা--ভনতে পাছি। আন্ত বৃদ্ধি বাড়ী বলে কিছু বান
করতে এলে ?

নিবৃ বলনে, এতথানি স্পর্ধা আমার নেই, লাবণ্য। এ-বাড়িতে ভাত থেয়ে আমি মান্ত্ৰ--এথানে টাকার অন্তর্বার দেখাতে আসিনি। তোমরা ভুল বরোনা।

বৃড়িমা বললেন, ভুই আমাধের জন্তে কী করতে চাদ, বল্ ? শিবু বললে, তোমরা আমার সঙ্গে চলো। কোথায় রে ৪

কলকাতায়। বলু আব লাববাকেও নিয়ে চলো।
কলকাতায় দীছাবো কোথায় ?
দিবু বললে, কেন, আমার কুঁড়েখর দি নেই ?
খুছিনা প্রশ্ন করলেন, তুই বিষে কাবচিন ?
দিবু হেদে ফেললো। বললে, তোমবা বিষে ত' দাওনি ?
দাববা কটাক ক'বে বললে, লেমাপড়া ত' শেখেনি একট্ড—

এবার টাকার জোরে মেয়ে গরে খানো।
পিরুর আহন্ত পৌরুষ পলকের জন্ত জালে উঠলো, কিন্তু এবাড়ীর
আরে সে মাহুব—কটিন কঠিন কথা তার মূখে এলো না। কেবল
লাববার হিতে একবার তাকিয়ে খুড়িমাকে বললে, যদি বেতে বাঞ্চি

থাকো তাহ'লে আমি—

নাৰপৰে তাকে ৰাদিয়ে লাবণা বদদে, দেনানোৰ করা চাই, কেমন শিব্ৰা? দেখানে নিমে গিয়ে আমাদের ভাত-কাপড় দিয়ে প্ পুৰবে, এই ত?

খুড়িমা বললেন, তুই কি সেখানে একা থাকিস ?

শিৰ্বললে, আর কে থাকবে বলো? কেবল কাঞ্চর্ম থাকলে বাইরের লোক আদে-যায়।

লাবণ্য বললে, কিন্তু আমরা গিয়ে তোমার ঘাড়ে চাপতে বাবো কেন বলো ত'? বেশ ত'—ডুমি দয়ালু, এ আমরা জেনে রাধলুম।

শিৰু বললে, ভা নয়, আমি তামাদা করতে আদিনি লাবণ্য,— দেখানে গেলে তোমরা দকলেই কাজ পাবে, তাই বলচি।

খুড়িমা বললেন, আমরা কী কাজ করবো, শিবু ?

শিবু বললে, আজিকাল বাড়ীতে ব'দেও অনেক কাজ করা যায় খুড়িয়া। এটা যে বুছের রুগ। তাছাড়াবনু যত ছেলেমাছমই হোক, ওর একটা কাজ ঠিকই জুটে যাবে, আমি ব'লে রাথছি।

লাবণ্য বজ্রোক্তিক'রে বললে, ভাগ্যি বৃদ্ধ বেশ্বেছিল, ভাই তৃমি মাস্থ্য হ'লে শিব্দা!

শিবু বললে, ভূমিও মানুষ হয়ে ওঠো, এই গাড়িছ।

বীকা চোধে চেয়ে লাবণ্য বলনে, তোমার আঞ্চলাল পয়না হয়েছে, উপদেশ ছড়াবে বৈকি।—এই ব'লে দে রাল্লাঘবের দিকে চ'লে শেল। মুডিমা প্রশ্ন করলেন, তই কবে চ'লে বাবি দ'

শিবু বললে, ভাবছি কালই যাবো

কিয়ংকণ কী খেন চিন্তা হ'ৱে বৃত্নি। বললেন, তৃই এত হ'ৱে বলছিল,—না হয় নাগবানেকের জন্ম কলকাতায় খেতে পারি। কিছু বাছা, জামাদের পুঁজি কিছু নেই। নৌকোতাভা বেলতাভা—এদব বি ঠাওলিও বেরোবে না। খরে চাল দেই, মুন দেই, কাঠ দেই।
ইক্ষুকের মাইনের অভাবে বলুর পড়া বন্ধ হরে গেল। একধানা
কাপড়ের অতে অত বড় মেয়ে বাইরে বেরোতে পারে না। তা সে
যাই হোক, ওই এক মাদ,—তারপরেই আমি বাছা কিরে আমবো।
কলবাতায় কত গোলমাল, দেধানে থাক্তে আমার ভরদা হয়
না, শির্।

রাল্লাহর থেকে গলা বাড়িয়ে লাহণ্য কালে, শির্ণার বাহাত্নরিটা দেখে আদতে তোমার এতই ইচ্ছে মা—

খৃড়িমা এবার বললেন, ভুই ভারি যা-ভা বলিম, লাবণ্য !

লাবণ্য হেসে বললে, বড়মান্ষিটা না দেখাতে পারলে বড়লোকর। জাবার ক্ষী থাকে না। কি বলো, শিবুলা ?

শিষু বললে, তোমাদের বাড়ীতে এনে দ্বাড়িয়েছি, যা খুশি তাই বলতে পারো।

লাবণ্য উঠে এলো। বললে, তোমার বাড়াঁতে গেলে ভূমিও বুঝি আমাদের যা খুশি তাই বলবে গুলকে করো, আমি যাবো না।

নিব্র মূথে খ্ব একটা কঠিন কথা এসেছিল, কৈছ দে আপন ভিহ্নাকে সংঘত করতে পিয়ে (হেদে কেললো: নললে, বাং কী বে বলো তমি।—তোমার নেয়ের এখনও জ্ঞান-বৃদ্ধি হয়নি, যুডিমা।

লাবণ্য অবাক হলে কিয়ংকশ শিবুর দিকে তাকালো। তারপর বললে, বাং—দেই শিবুল। বাবা বেঁচে থাকলে তালো হোতো। তাবেশ, তোমার ওবানে গেলে তৃষি আমার জ্ঞানবৃদ্ধি একটু পাকিয়ে দিয়ো?

শित् वनाता, बुड़िया, छत्व छहे कथाहे उहेराना । दुश्वतवना स्नोतका हाखरा । व्यापि निरम्न थान राजायातात्र निरम्न वारता । ুখুড়িমা বললেন, আচ্চা, আমরা তৈরি হয়ে থাকবো।

শিব্চ'লে গেল। কিছু বাইরে এনে সে অন্তত্ত করলো, নিক্ষণ একটা কুর আকোনে তার সর্বলীর কাঁপছে। লাবণার অহনার অসহ। পারিয়া, হতমান, অনটন,—কিছু ছোটলাহিড়ীর নেই মেরের কী পর্বত্রমাণ আথাতিয়ান! নে বত বছ বনীই হোক, ওরা তা'কে নাছব ব'লে যনে করে না,—ওরা শিক্ষিত, সম্লান্ত, ওরা বংশাহক্রমিক অভিজ্ঞাত। আতিজাতোর সেই নীলরক্ষের গর্ব ওদের চোবে মূর্থে মেন্যজ্জায়। থরে অন নেই, পরণে লক্ষানিবারবের বর নেই,—কিছু সায়ন্ত্রচিতার নেবেটা অছ। ওর খাষ্যান্ত্রিটি পুল্বের পক্ষে লোহনীয়,—কিছু শিবৃত' কম নয়! শিবৃত ত' এতদিন পরে পাত্র হিসাবে কডাজগতে লোহনীয় হয়ে উঠেছে!

শিব টিন বা'র ক'রে দিগারেট ধরালো। পথ দিয়ে দে চলেছে, কত লোক চেয়ে রয়েছে তার দিকে। কিন্তু পুই ওরা শিবুর কাছে উপকার নিয়ে বেন শিবুকে কতার্থ করবে! পথের লোক তাকে মানে; ঘরের লোক 'তাকে মানে না। বছ জননাগারণ তাকে মহিমার আগনে বনায়, কিন্তু বছপরিচিতর। তাকে আমন দের না। আর 'ওই লাবণা! লাবণা তার ক্র-চঙ্গতে মেন শিবুকে জানিয়ে দিল, তৃমি এ-বাড়ীর তাত ধেয়ে মাঞ্যুর, তুমি এই দেদিনও এ-বাড়ীর আনাচে-কানাচে বরাটে ছেলের মতন ঘূরে বেড়াতে। টাকা দে মার্য ব্যুদ্ধে বতই হোক, তোমার মর্বাদ্ধা কিছু নেই। তৃমি লেখা'। শিঘে মার্য হওনি, বিভাবুনিতে মহৎ হতনি, —তৃমি যুদ্ধের জুলায় কিছু প্রসাকভি করেছ, এইমাত্র। এর বেন্দ্ধী তৃষি কিছু মও।

শিবুৰেন কোথায় নিজেকে আছত অপমানিত ও কুলুমনে করতে শাগলো: তার চৌধ দুটো যেন আলা করে উঠছে কেমন এক- ' একার আত্মানিতে। সে বেন লাবণ্যবের ওপানে নিজের মন্ত কিছু ' একট্টা দেখাতে গিয়েছিল, কিছু লাবণ্য বেন তার কান ম'লে দিয়ে তাকে যথানিধিষ্ট পথ দেখিয়ে তাড়িয়ে বিল।

সনত দিনটা পিৰ্ অভ্যন্ত হয়ে বইল। কত লোক এলোকত কালো। কত লোকের কত আবেদন, কত কর্মপন্তার নির্দেশ। বারোয়ারিভলা, স্থাব, ইছুল, কালীবাড়ী, হাটতলা, ইউনিয়ন বোর্ড,—কত বিষয়ের কত আলোচনা দীর্ঘরাজিবাপী চললো। কিন্তু সব কাক্তর্ম ও আলাপ-আলোচনার মধ্যে পির্ বেন নগব্য ক্ষুত্ম ও হত্যান হয়ে বিভাগতের বাতা ব'লে বইলো।

সমন্ত পথটা লাবণা এবং তার মা আনেকটা বেন বিবৃদ্ধের মতো বদে ছিল। টোনের ফার্সারাস কামরার তাবের এই প্রথম, এবং এই মাজার আফুর্যকিক মানিক্র থাকা বরকার, সমতই রাশি রাশি। সালে চাকরবাকর, তকমাপরা ধারোয়ান, সহক্ষী জন তিনেক।
শিবৃদ্ধেন হঠাং ক্ষেপে উঠেছে, উপচিয়ে পড়ছে তার টাকাপরসা,
কেবল বরুতের উপলক্ষটা পাওয়া,—বান, টাকাকীট্ন জনবোতের
মক্রনেরিয়ে পড়ে। মাও মেয়ে অভিতত্ত, ইচ্চকিত।

গাড়ী কলকাতায় পৌছলে দেখা গেল, দিবুৰ জ্বল সবাই রয়েছে আপেকা ক'বে। তু'বানা চকচকে মত্ত মন্ত মোটর এনেছে তাকে নিয়ে বাবার জ্বল। দিবুর কোনোদিকে ক্রকেপ নেই। কেউ দেলাম জানালে দে সেলাম নের না, নমন্তার জানালে প্রত্যুক্তর নেই, স্বাগ্রহ প্রকাশ করলে তার ক্রকেপ নেই। দিবু সবাইকে এড়িয়ে বৃড়িয়া ও শাবার সন্ধে গাড়ীতে গিয়ে উঠলো।

শেক-রোডে এক প্রকাণ্ড ফটকওয়ালা বাড়ীতে এসে তারা মোটর

থেকে নামলো। কটকের একটি হুপ্তে এক কাঁচের বালের মার্থা বিবৃত্ব নাম ইংবেদি সংক্ষিপ্ত হরপে লেখা,—এস. এন. সেনপুর। গাড়ী এনে থামতেই বৃদ্ধি আয়া এনে গাড়ালো, তার সঙ্গে এলো বরকার আলালা কি-চাকর। বোঝা পেল, খুড়িনা ও লাবপার আলার থবর আগেই এনে পৌছেচে। এতক্ষণে লাবপার মুখর্থানা কান্ড দেখা হায়। লাবপার সম্প্র পরিহাসবৃদ্ধি একেবারে অসাড় হয়ে পেছে।

নীচের সামনের অংশে মন্ত আপিস-খর। লাবণ্য প্রশ্ন করলো, এটা কিসের আপিস, শিবুদা ?

ওটা হিসেবের দপ্তর, এসো তোমরা।—শিরু তাদের নিম্নে অগ্রসর হোলো।

মার্বেল-পাথরের দালান আর সিভি, অসংখা আয়না আর ছবি,
অজমে আসবাবপত্র, বাড়লন্তন, কত রকমের টেবল্ ও কুশন, কত
বিচিত্র বভি ও তামের টুংটাং আওয়াজ। একটি যরে চুকবার আগে
খুড়িরা প্রশ্ন করলেন, থবে চুকবো, ভিতরে কেংমন কথাবাতা বলছে.
শিব ?

শিব্ বললে, কেউ নয় খুড়িমা, ওটা রেডিয়ো। এইটিই আপনাবের ঘর। এটায় শোভরা চলতে পারে,—এরই মধ্যে আনের ঘর আছে। পাশে আপনাবের বদবার ঘর। আয় বলু, আমার লঙ্গে।

বছর তেরো বয়সের অবাচীন ছেলেটি বিশ্বয়বিষ্ট্রণ । শব্র । সঙ্গে এগিয়ে গেল। কোণায় যেন তথন চৌলফোন বান্ধছে।

ষ্ড্না চেরে থাকেন লাবণার দিকে, লাবণা সলজ্জভাবে তাকায় মায়ের প্রতি। তাথের হাত-পা আদে না। কলকাতার প্রেট অভিলাত-পল্লীতে এই প্রামাদ হোলো দিবুর,—দিবু এই সম্পত্তির মীলিক। তিন বছর আগের সেই দিবু, যার একবেদা ভাত জ্উতো নী! শ্বীয় এই তিন বছর! এ যুদ্ধে কীনা সম্ভব ?

বিশ্ব কিছু তলিছে দেখার মতো অবস্থা বৃড়িনার ছিল না। তারা বিদ্যালয় করিবেন, কিছা বাইবে আসবেন, অধবা বানের আয়োজন করবেন,—কিছুই বৃধতে না পেরে বধন অভিভূতের মতো আড়েই হয়ে রয়েছেন,—দেই সময় এ-বাড়ীর প্রধান পরিচারক এসে বাড়ালো। তার হাতে একরাদি তসর ও বেসমের জামা-কাপড়। রাজণ পাচক তার পিছু পিছু এসে বললে, মা, আপনি ভাঁড়ার-বারে আর্থন—এই নিন চাবির গোছা, বাব পাটাবেন।

এখন সময় বলু এনে দাড়ালো খেন পরিকার-পরিক্ষন্ন সাংহ্বরাক্ষার মতো। ইতিমধ্যেই সে সমস্ত বাড়ীটা ঘূরে দেখে এনেছে। তার দিকে তাকিয়ে লাখণ্য সহসা রাড়ার মতন বিলবিল ক'রে হেসে উঠলো।

বিকালের দিকে এক সময় খুড়িমা শিবুকে দেখতে পেয়ে বললেন, তোর এখানে তেমন হিন্দুবানী নেই বাছা!

পিবৃ হেনে বললে তবেই হয়েছে, এটা যে কলকাতা খুড়িমা ! ওলব এদিকে নেই!

ওমা, সে কি রে ?

শিবু বললে, ভোষরা দেকেলে লোক,—কভ রকম কুসংস্কার ভোমরা জাঁকড়ে ধরে থাকো, এ রূপে ওসব চলে না খুডিয়া—

বাইরে মোটরের হর্ন বাজলো। শিবু পুনরার বললে, ভোমাদের গাড়ী এসেছে। কই, লাবণ্য কোথায় ?

খুড়িমা বললেন, গাড়ী! গাড়ী কেন রে ?

বেড়াতে বাবে না তোমরা? একটু হাওয়া খেরে এসো মাঠের দিকে। ওতে মন ভালোহর! কার সঙ্গে যাবো বাছা ?

শিবু হেশেই খুন। বললে, কোনো দওকার নেই, আমার /ক্রাকার্ত্ত আর দারোয়ান দলে থাকবে। দিনেযায় বাবে খুড়িয়া ?

না বাছা---

লাবণ্যকে নিরে খড়িযা যখন শিবুর গলে গলে বাইরে আঁনেবেন, লেই সময় হ'জন হোলহা-চোমবা ব্যক্তি ফটকে চুকছে। শিবুকে দেখে তারা বেন উজ্পুলিত হয়ে কাছে এলো। লাবণ্য শিদুনা আছেই হরে কুঁকড়ে সরে বাবার চেটা করতেই শিবু বললে, এই বে আমার বস্কুদের সক্ষে তোমাবের পরিচয় করিয়ে বিই—

কি বেন একটা কাও খটে পেল এক মিনিটে। ভূল-ইংরাজি ভাষায় শিব্ধর-বর কার কতকঙলো কথা বলে গেল,—লাবণ্য ও শুভিনা গাড়ীর বিকে এগিয়ে গেলেন। বলু সিয়ে আগেই গাড়ীতে বসলো।

গাড়ীর কাছে এশে শিবু বদলে, নকলের গলে আলাপ পরিচয় করতে হয়, এটা কলকাতা! আগেকার দেশৰ আক্র আন্ধরাল আর নেই।

লাবণ্য শিব্র দিকে তাকিয়ে সহাস্তে বললে, লজ্জা-মান খোয়াতে আব কেউ লজ্জা পায় না, এই বলছ ত' ?

মোটর ছেড়ে দিল। পিবৃ শেখানে গাঁড়িরে মোটাং নিকে তাকিরে রইল চূপ করে। লাহিড়ীরা বত বড় অভিন্ধান্ত হোক, কোনোকালে নোটর কেনেনি, এটা পিবৃ আনে। এ বাড়িখানা তৈরী করতে যত টাকা লৈগেছে, পাঁড় গ্রিপানী অত টাকার গরাও পোনেনি কবন্ত। লাবেগ্যর মন্ত, লাবেগ্যর তেজ। কিছু লাবব্য আনে না, পোটাবরেক টাকা ফলেনে এই কলকাতা সহরের লাখ লাখ লাবব্যার

ক্র-কোনো লাবণ্য আজই রাত্রে পারের তলার এবে পড়ে।. এই ত
লাক্ষার এত অহংকার.— কিন্তু রেশনী লাড়ী আর জামা হাত পেতে
নেবার সময় সের আজ্মলানে একটু বাবেনি! কোথার গেল লাহিড়ীবংশেল বিত্রমাণ গর্ব, কোথার রইলো নিক্ষল আভিজাতাবোধ?
একথা ওবের বৃত্তিয়ে দেওরা দরকার, বারা বোগ্য—এ রূপে তারাই
বাঁচবার অধিকার পায়; অবোগ্যের জায়গা কোথাও নেই!

পেদিন রাজে খুড়িয়া শিবুকে খবে বদলেন, তোর অবস্থা কেমন করে ফিরলো, এবার আযাকে বদতে হবে শিবু—

শিব্ বললে, খ্ব লোখা! খিলিটারী কণ্টুন্তি খোগাড় করেছিন্ত্র একট্ বট করে। খুড়ি, বাঁটা, বুকশ—এইদব চালান বিই। মুবলী খার পাঁঠা বোগাড় করি। এ ছাড়া ক্ষল, চানড়া—এখন কি খালু-পটলও নায়াই করেছি খুড়িয়া?

খুড়িমা বললেন, তাইতে এত, শিৰু?

না—নিব্ বললে, আমি গিরেছিন্ব) আসাম আর চাটগারে। উড়ো-লাহাজ নামবার মাঠ তৈরী হবে—কুলীরা পালাছে আপানী বোমার তরে—আমি এবেদ-ওবেশ খুরে ছ'বাজার কুলী জোগাড় করে এনে বিতৃষ , তাতে অনেক টাকা। এমন বহুবার জোগাড় করে বিচেছি।

বৃড়িমা তার মূৰের দিকে চেরে বইলেন। শিব্ বললে, পাহাড় আর ভয়ল কেটে রাভা বানাতে গেলে লেখা-: ভার খুব বেশী দরকার হয় না, বুড়িমা। আমি কাল করতে আলিত্য।

খুড়িমা কতক্ষণ পৰ্বস্থ আবাক হয়ে বইলেন। দিবু বলতে লাগলো, টাকা কেমন করে আনে আনতে পারিনে—কোবা থেকে কেমন করে আনে হঠাং হাজার হাজার টাকা! পরিআমের টাকা নয় খুড়িমা, সমন্তটাই বেন ভ্রা, ভ্রার টাকা, এতবড় ব্ডটা একটা ভ্রা হাড়া আর ...
কিছু নর! বাবের টাকা নেই, তারা মনে করবে আছেওটি কথা
বলছি, কিছু টাকা বাবের আছে তারা আনে টাকা আলা কত
সহজ!

খৃড়িমার মুখে আর একটিও কথা সরলো না। র্তিনি অলক্ষ্যে অভিনিবেশ সহকারে শিবুকে লক্ষ্য করতে লাগলেম।

চার পাঁচদিন পরে একদিন সদ্ধার পর শিবু ভিতর মহলে এলো গুড়িমাদের খবর নিতে। উপরের খোলা বারানার এক কোপে দাঁড়িরেছিল লাবগ্য। বললে, বা গেছেন রারাবাড়ীতে—

নিবু এ নংবাধে তথনই উত্তেজিত হয়ে উঠলো। বলদে, রান্নাবাড়ীতে? কেন, হু'ছজন বামুন রয়েছে, তারা করে কি? এক একজন বামুন কত নাইনে নেয়, জানো লাববা? চার্লিল টাকা।
আমার বাড়ীতে কি-চাকরের নাইনে, চুরি আর বাওয়া-পরার মানে
হাজার টাকা লাগে!

লাবণ্য সহাক্তে চৌধ কপালে তুলে বললে, হাজার টাকা!

হাা, হাজার টাকা! ওরা যদি কাজ করতে না চায়, তোমরা জুতিয়ে কাজ আদায় করে নেবে! দাঁডাও—দেখছি আমি—

লাবণ্য বললে, তুমি ব্যন্ত হয়ে না—মা তোমাকে আবল নিজের হাতে রাল্লা করে থাওলাবেন, তাই গেছেন রাল্লাগাতীতে—

এমন সময় একখন চাপৱালি একখানা ট্ৰে-তে এক টিম নিগাৱেট আর দেশলাই এনে ধাড়ালো। নিবৃ নিগাৱেট নিয়ে ধহিলে বললে, ধৃতিয়া আমাকে ধাঁওৱাবেন, আমার কী ভাগ্যি!

লাবণ্য মুখ ফিরিয়ে বললে, মা গলাজলেই গলাপুলা করতে পেচেন। আছে শিব্দা, আনাবের থাকার জন্তও ত' তোমার অনেক . अप्रेट शुक्राह । दोबान ठोका दन्नछ (पक्ष हाब्राह्म निष्म नीकारन,— जोने अप्रेय स्थागापन (परन भागिरन ने पांक

্ৰিকু এক মুখ হেদে বললে, কী আর খন্তচ! বোঝার ওপর শাকের আটি জি অই জন্মে ভোষনা বাস্ত হোয়ো না।

বাড়ীর এদিকের অংশটা নির্জন। এদিক-ওদিক চেয়ে শিবু বলালে, ভোষার জল্পে একটা জিনিষ এনেছি, লাবণা।

a?

একগাছা জড়োয়া নেকলেদ পকেট থেকে বের করে শিবৃ বললে, তোমাকে এটা উপহার দিতে চাই।

নেকলেনটি দেখে স্থাবণ্য সোজা শিব্র মুখের দিকে তাকিছে বললে, কেন ?

শিব বললে, এমনি—দিতে ইচ্ছে হোলো।

কত টাকা দাম ?

ন'শো টাকা।

লাংণ্য বললে, ন'শো টাকার উপহার স্বামাকে দ্বিয়ে কেন তুমি টাকা নই করবে ?

শিবু বললে, এটা নট হবে জানলে দিতুম না। তুমি গলায় পরলে মানাবে, তাই এনেছি।

কলকাতায় অনেক বেয়ে আছে! আমার গলায় নেকলেন ঝুলিয়ে তোমার লাভ কি বলো ত ?

ক্টিন শীতল লাবণ্যের কঠবুর। তার চাহনি এত পরিকার বে, মুখ তুলে কাভিয়ে থাকা বায় না। শিব শতান্ত ছোট হয়ে গিরে বললে, ভূমি নেবে না?

লাবণ্য বললে, মাকে জিজেস না করে নিতে পারবো না।

निर्दनाला, छद साक्-धृष्टिमास्य नगरात वरात साहे हुन बत्त हाद हुन्हों रन शरकरहे शूरत ताथरणा।

লাবণ্য বলনে, তুমি এবানে বিপ্রায় করো নির্ব্ আমি যাতে, একবারটি দেখে আদি।—এই বলে দে চলে গেল।

কেমন একটা কাষ্ট্ৰন উত্তেজনা শিবুৰ ছাই চোধে কাৰ্পতে লাকলো। ।
ওবের বাড়ীতে লে ভাত থেরে মাহৰ, ওবের চোধে লে অআছির,
ওবের সমাজে লে নগণ্য,—এই অপমানকনক ইনিভাটি বেন লাবণার
ওই প্রতি-পৰকোপে হল্পট। এ বাড়ীতে এনে ওরা বেন শিবুকে
কৃত্যাৰ্থক হৈছে, ওবা শিবুৰ অন্তগ্রহণ করে শিবুকে বেন গৌববমণ্ডিত
ক্রেছে।

শিবু কেবল ভাবতে লাগলো কত টাকা বরচ করলে ওবের চিত্তের প্রসন্নতা হল্প করা যায়! লাবণ্যর দাম কত টাকা!

এ বাড়ীতে দিবু একা—এ বাঙ়ী তার নিজস। আপনার পোক বদতে তার ক্লেউ নেই; বিবাহের জন্ত দে বাত নয়। বাড়ীর একটা খংশ শুরু বাইবের পোকে পরিপূর্ধ। সাবেররা এসে চা ধার, রীটে বং-নাগানো নেয়েছেলে নাঝে মারে আসে, থাকি পোরাকপর। নেজর ও সেফটেন্ডান্টকেও বেখা যায়। এ ছাড়া বন্ধু-বাছন,—কিছ তারা বহু রক্ষের। কেউ বোড়-গৌড়ের নাঠের ভূষাড়ী, কেই নাগাল কেউ সাব-কন্টুন্তর, কেউ নাড়োয়াড়ী-ভাটিয়া। দিবু কিছ এক। —একা থাকে নকভ্নিত। তনু তার টাকা বখন আছে, দে সম্মাট। কই-কাংলা এখানে বারা আসে, দিবু তারের দিকে চেত্রে থাকে। ভারা আবে টাকার গছে; ভাবোবানার জন্ত নয়। দিবু সবাইকে টাকার পান্ধ করে। ্বি 'বৈজ্ঞা। লাবণ্যর প্রতি লে অন্তর্জ,—এ নিরে চিন্তাবিলাস
্বররে প্রবৃত্ত প্রথা নেই। লাবণ্য হান্তী, লাবণ্য আচি লোকার আচি লোকার কর্মার প্রতি লোকার আচি লোকার আচি লাবণার আচি লোকার আচি লাবণার আচি লাবণার আচি লাবণার লাবণার লাবণার লাবিলার আচি লাবণার লাবিলার আচি লাবণার লাবিলার ল

বৃদ্ধিয়া সেদিন বললেন, এই ত কডদিন হছে গেল, বেশ বেছিয়ে নিনুষ, তোমাও কলকাতায়, মোটবে চড়ে হাওয়া খেলুম, সিনেমা দেখে একুম—বেশ কাটলো। এবাব কবে আমবা বাবো দিব, বল ত বাছা ।

শিবুহেসে বললে, বাবেন কেমন করে ? বলুবে চাকরি করছে?

ধৃড়িমা বললে, আমার চোথে গুলো দিখনে দিবু,—ওইটুকু ছেলে কোন কাজই আনে না. তৃই ওকে বদিয়ে বদিয়ে চীকা দেবার ফন্দি এটেছিল,—সতি। কিনা বল্ ত ?

শিবু বললে, সত্যিই কি ষেতে চান খুড়িমা?

ওবা, ছেলের কথা শোনো। ধর-দোর সব ফেলে রেথে পরেছি। ভাড়াভাড়ি না গেলে বে ধরজা-ভানলাগুলো গ্লে নিরে বাবে রি!

আমি যদি আপনাদের কলকাতার ধাকার সব ব্যক্ত্ম করে ছিই ?

শিবু বললে, না, অন্ত বাড়ীতে।

খুড়িষা বললেন, তোর এত আগ্রহ কেন শিব্ ?

শিব্ধতনত খেলে কোনে জবাব সহলা গুঁজে পেলো না। একটু সামলে বললে, তোমাৰের জন্তেই বলছি খুডিমা। দেখানে তোমৱা বেতাবে থাকো, তাতে ভাবনার কারণ আছে। তা ছাড়া আজকাল পাড়াগাঁলের বা অবস্থা! কিছুতেই ভালোভাবে থাকা বায় না।

খুড়িমা তথনকার মতো চুপ করে গেলেন।

শিবু ফিরে আসছিল, বারানার সমীর্ণ একটা পরে লাবণার সঞ্চে দেখা। লাবণ্য হাসিমুখে বললে, তোমার কি মাধা খারাপ হরেছে, ওলব কী আনিয়েছ আমার জন্তে ?

मितृ हानिमृत्थ पलाल, अनव आखकान नवाहे वावहात करता

লাবণ্য বললে, তাই বলে আনাকেও ঠোঁটে গালে বং মাধতে হবে, মুধ্বনায় পাউভাৱ ঘৰতে হবে—কেমন ? এত শিধলে কোধায় কুনি ? আমি কিন্তু ওলব মেখে তোমার সঙ্গে বেরোতে পারবো না, তাবলে দিজি:

শিরু বললে, তোমার বয়স কম হলে মল গড়িয়ে দিতুম।
লাবণা বললে, এবন বৃধি পায়ে শেকল দিয়ে বেঁংৰ রাখতে চাও ?
শিরু হেনে বললে, চলো, এরপর টিকিট পাওয়া যাবে না—গাড়ী
শ্বপেন্ধা করছে।

চলো, আমি তৈরী:—বলে লাবণ্য প্রস্তুত হোলো।

শিবু বললে, না, তা হবে না,—তোমার জন্তে কুড়ি টাকা দিয়ে হুরন্ধনী শ্লিপার আনিয়েছি, ওটা পায়ে দিয়ে বেতেই হবে।

লাবণ্য ক্লি যেন কভক্ষণ ভাবলো, ভারণর বললে, আচ্ছা, তাই হ*ব*িন্টালা।

নির্ভাভ তার ছোট মোটরটি নিজেই হাঁকিয়ে চললো! পাশে বসেছে লাবণা। দেব পর্যন্ত লাবণা তার মাকে লুকিয়ে একট্বানি টরলেট করে এনেছে। অবিষ্ঠি এটা এখন কিছু অপরাধ নয়। একটা কথা লাবণা বুৰতে পেরেছে, দিবুকে অকারণ আহত করাটা তার পক্ষে সম্বত নয়। বাছবিক, দিবুত অনেক করছে তাবের অন্তে। নিংখার্থ এবং নিস্পৃত তাবেই করছে,—তার বিকল্পে কোনো নালিশ করবার কিছু নেই। আরু বাই হোক, দিবুর প্রতি অবিচার করায় বোনো আরোজারব নেই।

এক সময়ে লাবণ্য বললে, তোমার নেকলেসটা আমি নিতে পারিনি, তুমি থুব ছাংগ পেয়েছিলে, না শিবুলা?

শিবু বললে, কই না, সেটা আমি ব্ল্যাক-মার্কেটে বেচে ভিনশো টাকা লাভ পেয়েছি। তুমি আর একটা চাও ?

উন্নলেট-করা লাবণার মুখখানা বিবর্ণ হয়ে এলো অপমানে: শুধু বললে, আর ডুমি কিছু আমাকে দিয়ে না

শিবুর কোনো ছঃখ নেই, কারণ তার হবর নেই। লাবণা যদি
মনে করে থাকে, শিবু তার প্রতি আসক;—লাবণা ভূল করেছে।
শিবুর মনে কোনো হদুর অন্তরাগও নেই,—প্রণরমাধুণ্ঠতে কেউ
আনন্দ ও বর্গমন্ত হয়ে ওঠে, এ বস্তু তার করনার অতীত! নারীর
সঙ্গে তার জীবনে কোনদিনই বোরাগড়ানেই। ওটা তার আনসে
না

দিনেয়ার চুকে অন্ধকারে বুঁজে তারা পাবাপাপি ছাটা গাঁচ একে বগলো। কি ছবি, তা নিবু জানে না, দরকারও নেই। সিনেমার্ম্ম এসেছে, এই যথেই। ছজনে বগলো পাবাপাশি—কিন্ধ-আবধানে ক্লিছর বাববান। ছলনে গারে পায়ে, পায়ে পায়ে, লিক্ট ছুইবর্ড রাওবান। ছলনে গারে গায়ে, পায়ে পায়ে, লিক্ট ছুইবর্ড রাওবাপার। লাববা জানে, এটা কণরারী; নিবু জা. জি বেরাল। নিবুর টাকা আছে, লামী সীট কিনেছে, মোটর আছে দলে, তার সদে একটি হসজ্জিতা তরুলী হোলো মানানসই। এই তরুলীটি যদি লাববা না হয়ে মিস্মলি রায় কিবা লানা নটানবোপ হোতো—কিছু মায় মনোবৈকলা হোতো না। ওরা বে-কেউ হোলো প্রয়েজনের সামগ্রী; টাকা, মোটর, টেলিজোন আর বাবীন প্রাবাদ হলেই ওরা আসে; সময়মতো আরার ওরা চলে যায়। নিবু কর্বনও ভূল করেনি।

আছকারে একথানা হাত উঠে এলো লাবণার খাড়ের কাছে।
যায়ে তার প্রীবা দিল্ক এবং শীতদা। লাবণা চনকে উঠলো, তারপর
আতে আতে হাত তুলে শিবুর হাতথানা অতি ধীরে সরিয়ে দিল।
পুরুষ জানিয়ে দেয়, এই হাতথানা কাঁছে তুলে দেবার ওাংপর্য কি;
নারীও জয় বেকে জানে ওই হাতথানার ভাষা! আছকারে আড়েই হয়ে
লাবণা নিশ্লেম ছবি দেবতে লাগলো।

সেদিন ওই পর্যন্ত। কিন্তু নিনেমা ভাঙার পর বাইরে আসংতেই ছুইজন বন্ধুর সঙ্গে দিবুর ধেখা। তাধের সঙ্গে একটি মেয়ে। ১ধের দেখে দিবুর চেহারা গেল বধংল। অতান্ত উৎসাহে দে কাৰ্য্যুর সঙ্গে সকলের পরিচয় করিয়ে দিল। লাবব্যু বেন বাঁচলো এবার।

স্বাই পেল নিউ মার্কেট। সকলের পকেটেই তাড়া তাড়া নোট। পছন্দসই সামগ্রী জড়ো হোলো অজহা। ওলের সকলেই টাকার মাহুম, টাকা ধরচ করতে ওরা জানে। তিনটি ছেলে, আর ছুটি যেয়ে তাঁদ্বর সঙ্গে। অতঃপর ঘণ্টা তিনেক ধরে তাদের সঙ্গে নিয়ে শিবু কুলকোতার পথে পথে টাকা ছড়িয়ে বেড়াতে লাগলো।

ভিবৰার পথে আবার দেই মোটরে ছুজন নিঃস#। কলকাতার পথে তথন আলোকনিয়ন্ত্রণ-বিধি বলবং রছেছে। এক অভকার থেকে অন্ত অভকার তোগের মোটর চলেছে। লাবণা বলে রয়েছে চুপ করে নির্ব পালে। নির্বহল, তার মনে প্রবারে রোয়া নেই, রস-করনার প্রলাপ নেই। ছোট লাহিড়ীর এই মেরেটার ছায়াটা দে চাছ—এই নধর ছাই-পুঁই বাস্থাটা। লাবণা সহজ নয়, তার গ্রীবার নির্ব সেই হাতের স্পর্শ এখনও কোসকার মতো আলা করছে। ওই হাতধানার বজবা কিছু দে ব্বেছে, কিছু বোকেনি। ছে-ছংশটা বুখতে পারেনি, সেইটির জন্ম দে উৎস্কং। এক সমরে দে ডাকলো, নির্বা?

লাবণার অহন্তার অনেকটা কমে এনেছে; তার আভিজ্বাতারোধের
টেগ্রছা—তাও কোমল হয়ে এনেছে। এটা শিবুর কাছে নভুন নম্ব,
পে এনব জানে—এমনিই হয়। নেয়েদর প্রাথমিক উগ্র অহন্তার আর
কৃত্ব প্রতিরোধ এক সময় কয়ে আনে,—তাদেরকে আন্তানপর্ন করার
সময় বিতে হয়। লাবণ্য ন'লো টাকার নেকলেস গ্রহণ করেনি, এর
পর নয় টাকার সেফ্টিপিন পেলে আহ্লোদে আট্রামা হবে। এটা
শিবুর ব্যক্তিগত নারীদর্শন, এবানে সে ভূল করে না। সে স্পট কর্ষে
উত্তর দিলা, কেন, কি বলছ দু

नावगुजनान, ना, किছू मा—वाड़ी श्रांत कठमृद्ध ?

এই বে-বলে শিবু কাঁচ করে মোটরের গতি কমিয়ে ভার বাড়ীর ফটকের মধ্যে গাড়ী ঢুকিয়ে এক জায়গায় দাঁড় করালো।

ত্বজনে নামলো, তারপর শিব্ইচ্ছাপূর্বক লাবণ্যর একথানা হাত নিজের হাতের মধ্যে জড়িয়ে ভিতরে চললো। রাত এগারোচা বেজে গেছে। লাবণ্য ভূলে সিয়েছিল পারীজন্দীর উল্লেখ্য চেহারাচা। সহসা অন্ধকার বারালাপথের একপ্রান্ত থেকে খুড়িমা বলে উঠলেন, এ কি, দিব্, লাবণ্য—এর মানে ?

চকিতে ছন্তনের হাত ছাড়াছাড়ি হয়ে গেল। লাবণা নতমূর্থে বললে, ফিরতে একটু দেরী হোলো, মা।

হঁ— খুড়িমা বললেন, শিৰু, এই কি ভোষার মতলব ছিল ? শিৰু স্পষ্ট উত্তর দিল, কেন, খুডিমা ?

কেন ? খুড়িমা তীব্ৰ কক্ষ কঠে বললেন, তোমার ভদ্ব-ডর নেই, স্বামার নেম্বের গান্তে ভূমি হাত দাও ?

কোনো দোষ করিনি, খুড়িমা !

ষ্টিবা রাগেও উত্তেজনায় কাঁপছিলেন। চেঁচিয়ে বললেন, তোমাকে বিধান করে তোমার বাড়াতে এনেছিলুম,—মান খোলাওে আদিনি! ধবরদার নিব্—আমি নাবধান করে দিছিং—খবরদার—কাল আমরা চলে বাবো তোমার বাড়ী থেকে, কিছু বাবার আগে তুমি আমানের ত্রিনীয়ায় আসবে না—

লাবণ্য ঘরে গিয়ে চুকে ঠক-ঠক করে কাঁপছিল, এবার ভার মা জভপ্লাবে ভিতরে এলেন।

শিবু গাঁড়িয়ে ছিল অন্ধকারে হাসিম্থে: কোন চাঞ্চলা তার মুখে-চোখে ছিল না। দে কেবল ভাবতে লাগলো, খুড়িমার অংজা-বের গভীবতা কতথানি এবং কতপ্রদিটাকা খরচ করলে দেই নগন্তোষ টুকুর ওপর প্রলেপ বেওয়া বায়: এটা তার একটুবানি সাবাবক অভিজ্ঞতা মাত্র, তার কৌলল-বৃদ্ধির সামাক্ত ক্রটি—আর কিছু নয়। এটাকে অর্থবায়ে অভিক্রম করা বরকার, কেননা লাবণার সঙ্গে তার বোলাপড়া এখনও শেষ হয়নি।

দে['] রাত্তে শিবুর একটও ঘূমের ব্যাঘাত হোলো না।

পরদিন খুড়িনা চলে বাবেন বটে, কিন্ধ দেশে রঙনা হবার বরচপত্র ছিল না। সারাদিন তিনি শিবুর অন্তপ্রহের জন্ত অপেজা করে বুইটোন, তারপর সন্ধার দিকে বনুকে বাইরের দিকে ববর আনতে পাঠালেন। বলু ফিরে এসে সংবাদ দিল, শিবুলা এইমাজ ফিরেছে, কিন্ধ তার নোটর-তুর্গটনা হয়েছে, আপিস-বাড়ীর বরে তিনি ভার বারচেন।

বাঙালী মাজুহনত একটুবানি কেঁপে উঠলো। তিনি ভাবলেন, তবে কি তার অভিনাপ লাগলো নিব্র ৷ অসুশোচনার খুড়িমার সলার আওয়াক প্রথম হয়ে এলো। বলসেন, ওয়া, জলজান্ত ছেলে,— ধব লাগেনি ত ?

্ব ব্ললে, সেথানে খনেক লোক থিরে রয়েছে।

সাবণ্য উৎকটিত হয়ে এক সময় বললে, বলু তুই মার কাছে থাক,

শামি জান করে শামি।—এই বলে সে বেরিয়ে গেল।

বি গাঁডিয়ে থাকে বাধক্ষেত্ৰ কাছে ক্ৰমণ ৰাচাঁত্ৰ জন্ত । এদিক-ওদিক তাকিয়ে বি বল্লে, গিদিমণি, বাবু আপনাকে একবার ডেকে পাঠালেন। ড'মিনিটেও জন্তে।

লাবণার সর্বশরীর রোমাঞ্চ হয়ে উঠলো। দেও এদিক-ওদিক লক্ষ্য করে বললে, চলো।

শিব্র বরে বারা গাঁড়িছেছিল, তারা লাবন্যকে আসতে দেখে বেরিয়ে চলে গেল। লাবন্য এনে চুকলো শিব্র বরে। বিছানায় শুয়ে শিব্ হাসিমুখে চূপি চুপি বললে, আমার কিছু ছয়নি লাবনা, শুধু খুড়িয়াকে বেতে দেবোনা। नावना खिछिछ হয়ে वनला, क्वन निबुता !

ভবু ভোমার জন্তে। বদো এইখানে।

লাবণ্য বললে, কিন্তু মাকে লুকিয়ে আমি এসেছি।

শিব্ বললে, তা আমি জানি,—লুকিয়ে তোমাকে আসতেই হবে। শবাই লুকিয়েই আদে।

লাবণ্য তার পাশে বদলো খোহাবিষ্টের মতো। শিরু হাত বাড়িয়ে লাবণ্যের একধানা হাত টেনে নিয়ে বললে, তুমিও খেতে চাও ?

লাবণ্য বললে, ই্যা, মা গেলে আমাকেও যেতে হবে। ওকি, হাত ছাড়ো, কেউ এনে পড়বে।

শিবু বৃদ্দের, কেউ আসবে না ভূমি এখানে থাকতে। লাবণ্য বৃদ্দের, আমি যে স্নানের নাম করে এসেছি।

শিব বললে, খুড়িমাকে আমি জানিয়ে দেবো, আমি শহাাগত। তুমিও চেষ্টা করো আর কয়েকদিন থাকতে—কেমন ?

লাবণ্য বললে, আমাদের বেঁবে রাখতে চাও কেন তুমি ?

শির হাসিমূবে তাক্যলো লাবণার দিকে। বললে, বরকটা এবনও সম্পূর্ণ সলেনি, তাই জন্তে। তোমার যাবার সময় এখনও হয়নি, লাবলাগ

লাবণ্য চঞ্চল হয়ে উঠে দীড়ালো। দিবু দেখবাবের মতো তার হাতথানা টেনে একটু চাপ দিল। পরযুহুতে হাতথানা ছাঞ্জি লাবণ্য বর ধেকে বেরিয়ে হন হন করে চলে গেল।

দিন চুই কেটে গেল। পৃড়িয়া এখনও শিবুর মুখ ঘণন করেননি। কিছু তার কানে উটলো, ধুব জন্ম, শ্বাগত—তার বুকে আবাত লেগেছে, ছল স্পননের গওগোল ঘটছে। তাক্তার আনাগোনা করে। দিনচারেক পরে গুডিয়া শিবুর ঘরে এগে ডাকলেন, শিবু। ্ বিৰু চোধ মেলে তাকালো, তার চোধ বালাছের। বললে, স্নামার বাই হোক বৃত্যি—কিন্ত তোরাদের মানসম্বন, তোমাদের ইক্ষত,—
স্নামার এই বাড়িখানার চেয়ে অনেক উচু। আর লাবণ্য! লাবণ্য ধেবংশের মেয়ে, আমি তার পায়ের তলায় ধাকারও বোগ্য নম।
লাবণ্য কোন অভার করে নি, করতে পায়ে না, বৃত্যি। আমি তোমার ভাতে মান্তব, তোমার পায়ের বৃলো—কিন্ত লাবণ্য মেন তোমার চোধে ছোট না হয়।

খুড়িবা বললেন, তুই কেমন আছিন বাবা ?
বুকে ভারি বাধা, ডাক্তার ভয় পাচ্ছিলেন—ভবে—

খুছিমার মনের মেখ আনেকটা কেটে গেছে। কাটরে, একথা শির্জানতো। তিনি এক সময় প্রসম মনে বিধায় নিলেন। তার পিছনবিকে তাকিয়ে শির্বক তীক্ষু হাসিতে মুখবানা ভরিয়ে এবার পাশ জিবে কলো।

আরও ছ্-চার দিন পরে বলু সেদিন মায়ের কাছে এদে একরাশি টাকা নামিয়ে দিল। খুডিমা বললেন, কিলের টাকা রে ?

বলু বললে, বা: আমি যে আজ মাইনে পেলুম ? মাইনে! এত টাকা ? এত টাকা মাইনে পেলি তুই ?

খুড়িনা অভিতৃত আবিট হয়ে বইলেন। দৈদিন সামান্ত কয়টা টাকার জন্ত তিনি এ বাড়ী খেকে চলে ঘেতে পারেননি, কিছু আছ বনুর উপার্জন হাতে নিয়ে তাঁকে ভাবতে হোলো, দেশে ফিরে গেলে এ টাকা তাঁর বন্ধ হবে। সেধানে তিনি আন্ত্রস্থান, আভিজাতাবোধ এবং নিজের গর্ব নিয়ে অবস্তুই ধাকতে পারবেন,—কিছু উপবাস করে পরীগ্রাম, নেথানকার বৃদ্ধ ইউরোপ ও এশিরার যুদ্ধের চেয়ে অর্থেক বৃদ্ধ, অনেক বিরাট,—কারণ সেটা দৈনন্দিন অভিত্যকার জন্ম প্রাণপণ নংগ্রাম। তার আদি অস্ত নেই।

এমন সময় একজন চাকর এপে শিবুর হাতের গেলা ভু-লাইন চিটি দিয়ে গেল। শিবু লিখেছে, বলু জামার ছোটভাইরের মতন, কিছু তার জন্ম আনি গবঁবোধ করছি। আমি জানি সে বৃদ্ধিনান, লে উন্নতি করবে। জাপনি কি খাবার দিন স্থিব করেছেন, খৃড্িমা? কিছুতেই কি জার থাকা সন্থব নার ?

খুড়িমা শুদ্ধ হয়ে বদে ভাবতে লাগলেন, কোনো জবাব দিলেন না। লাবণ্য ডাকলো, মা?

মা ব**ললেন**, কেন ?

লাবণ্য বললে, দেশে বাওয়া নানে ত' দেই না খেয়ে মরা !

ছোট-লাহিড়ীর ত্রীর আভিচাতা বোধ কণা উচিয়ে উঠলো।
বললেন, তুই কি এখানে খেকে মানসম্ভব দব খোয়াতে চাদ ? বর্ম দেই, ইজ্ঞানেই ? বংশের নাম নেই ?

লাবণা শাস্তভাবে বললে, সেধানে গিয়ে না থেয়ে মরলে মান বাঁচবে তোমার ? একথান। ছেঁড়া কাপড়ও বদি না পাও, ধর্ম বাঁচবে ? ভিক্ষেও বদি না লোটে, বংশের নাম রাখতে পারবে ?

যুদ্দিমা সাবপার দিকে একবার তাকালেন। লাংপার পরংশ একথানা ক্রেপ-বেনারদী শাড়ী, গায়ে রোকেডের রাউন, পায়ে রেশনী চটি, ছই কানে পোকরাজের ছুল ছুলছে; কিন্তু যাবার সময় নিরুর দেওয়া এ সমন্ত আভিরণ আর পরিচ্ছদ ছেড়ে রেখে যেতে হবে। তিনি বলবেন, ভূই কি বলতে চান, লাবণাঃ?

লাবণ্য মায়ের দিকে তাকালো। মায়ের পরণে গরদের ধান.

আর গরদের জামা। মাবদে রছেছেন একটি কুশনে, মাধার উপরে ছুরছে ইলেকট্রিক পাধা। এক মাদে মারের খাদ্য কিরে গেছে। লাবণ্য পলকের জন্ত জাহানগরণ করে বললে, ধরো বহি আমি কলকাতার কোনো একটা কাজ পাই,—ভবে ভাই-বোনে চালাতে পারবো না ?

না বললেন, লাহিড়ী বংশের মেয়ে চাকরি করে পেট চালাবে ? পেটের বাবে ঘূরে বেডানোর চেয়ে চাকরি করা ভালো। ভিক্লের চেয়ে ভালো, চিব্র চেয়ে ভালো।

তুই কি এই বাড়ীতে থাকার কথা বলছিন ?

না, আমরা ঘর ভাড়া করবো। নিজের মান নিজে রাধতে জানলে খোঁয়া যায় না, মা !

মা ব**ললে**ন, কিন্ধু দেশে সব পড়ে থাকবে ?

কি আছে দেখানে ? লাবণ্য বললে, ভাঙা ছটো বান্ধ, মাটির ইাছি-কলনী, হেঁডা কাপড় এক আধবানা, মরলা দুর্গন্ধ বিছানা। আন বাড়ী ? দুধানা খড়ের চালা,—বৃষ্টি নামলে সমস্ত রাড কাড়িয়ে ভিজতে হয় ! বাড়ীর দিকে তাকালে চোরেরাও মূখ বেঁকিয়ে চলে বায়।

শিবু সেরে উঠলো, কেননা ঠিক সময় তাকে সেরে উঠতেই হব। । আর ওয়ে থাকলে তার চলবে না। সে মোটর নিয়ে বেরিয়ে গেল, তার অনেক কাজ। সন্ধার দিকে ফিরে সে গিয়ে খুড়িমার কাছে দাঁড়ালো। বললে, লাববার জলে একটা কাজ সন্ধান করেছি, খুড়িমা—

খুড়িমা প্রশ্ন করলেন, দেটা কি ভোমার আপিদেই?

না, সেটা সরকারী কাজ। তবে জামাকে স্থপারিশ করে দিতে হবে। কাল সকালে লাবণ্য সাহেবের সঙ্গে দেখা করবে। কিছ লাবণ্য ইংরেছি ছানে না।

শিবু বললে, যেটুকু জানে তাতেই চলতে, আনি বলে দেবা।

শৃত্যিন বললেন, অত বড় বেজে রোজ বাবে চাকরি করতে।
ক্ষমনকার সাহেবরা কেমন লোক, শিবু দু

নিবু হানিমুখে বললে, অন্তত আমার চেয়ে তালো, বৃভিনা। যদি লাবণ্যর চাকরি হয়, তবে আমরা সিয়ে অন্ত জায়গায় বাকবো, এ তোমাকে জানিয়ে রাখলাম, নিবু।

শিবু জানিয়ে দিল, আগানি বা স্থির করবেন, তাই হবে খুড়িম। পুডিনা তথ্য হয়ে ব'লে এইলেন। শিবু আছে আতে চলে লেল।

পরদিন বিবৃত্ব নোটরেই লাবণা বেরিয়ে পড়লো। কী একটা কুরু উল্লাগ দিবৃত্ব মুক্তেনি। লাবণার সেই অংখ্যাদিনান আরু আভিজ্ঞান্তা-বোধ কোবার পেল দিবৃত্ত নে আরু আঘাত করতে চার না, দিবৃত্ত কিছালীন তা নিয়ে কঠোর বিজ্ঞপ করে না। টাকার কাছে সে আত্মবালিক করেছে, মিলিটারী কন্ট্রাইরের কাছে সে নার্রীর আত্মবালিকে আনত করেছে—পিবৃত্ত কী উল্লাম। ছোটলাহিড়ার ভাতে ধেরে সে মাছ্য,—কী জবল সেই আত্মানি! বারা তাকে কীন অবলাত বনে করতে, তালের কাছে আত্মপ্রতিষ্ঠা করার কী আনন। ক্ষয়ের প্রকাশ করায় কী পৌরব। দান গ্রহণ করানোর কী নিবিভ পরিভিত্তি।

গাড়ী চলছে। লাবণ্য বললে, কোথায় তোমার নাহেবের স্থাপিন ?

শিব্ হেনে বললে, আমাকে তুমি এখনও বিবাস করো লাবণ্য ? লাবণ্য তার দিকে চেত্তে হাসিমূখে বললে, মানে ? শিব্ বললে, লোকে চাকরি করে কেন, বলতে পারো ? লাবণ্য বদলে টাকার অন্তে!
কিন্দ্র টাকার অভাব বদি ভোষার না হয় ?
তুমি দান করবে?

দান না ক'রে যদি তোমার দাবী মেটাই ?

লাবণ্য প্ৰশ্ন করলো, ভোষার কাছে কিনের দাবী জ্ঞায়ার ?
শিব বললে, কোনু দাবীতে তুমি পাঁচশো টাকার হুল্ পরেছ কানে,
জ্ঞাভাইশো টাকার জায়া কাপত পরেছ?

লাবণ্য বললে, ভূমি দিয়েছ তাই—

আমি বিইনি, তৃমি পেয়েছ। পাবার অধিকার আছে তোমার এখনও অনেক পাবে। আমার বাড়ীবানার দান বেড় লক টাকা, আমার বাাকে আছে বাবো লক, আমার কারবার চলছে দশ লক্ষ টাকার। শিব একে একে বব বলে ফেললো।

অধীর উত্তেজনায় লাবণ্য কাঁপছে। শিবু বেন চারিদিক থেকে
সহম বাছ দিয়ে তাকে নিশীড়িত ক'রে বাঁগতে চাইছে। দে বেন ছুটে পালাতে নাপারে, যেন আর্তনাদ না করে। লাবণার পলা কুকিয়ে উঠলো। বললে, তমি আ্যাকে এত দিতে চাও কেন ?

শিবৃ হঠাং হা-হা-হা ক'রে হেদে উঠলো। লাবণ্য কেঁপে উঠলো।

গাড়ীখানা এসে চুকলো এক বাগান বাড়ীতে। তথন মখ্যাহ্নজাল। দিবু বললে, তয় পেজো না, এ বাগানটা গেদিন আমি কিনেছি, দত্তব হাজার টাকায়।

লাবণ্য বললে, কে আছে এখানে ? কেউ নেই। কেবল মালী থাকে ওই আমতলার ওদিকের ঘরে। আমাকে এথানে আনলে কেন ? শিবু বললে, ওপরতলাটা কেমন শান্ধিয়েছে তোমায় দেখাবেই নেমে এশো।

দুখনে নেৰে বাগান পেরিয়ে লোডালার উঠে গেল। আবৃরে নিম্পাদ্রে ডগায় একটা ভাহক তথন উচ্চ দীর্ঘকঠে বেন প্রতিবাদ জানাজে।

প্রচুর অর্থব্যায়ের চিক্ল চারিদিকে থরে ধরে সাজানো। সিঁ ছি দিয়ে ওঠার সময় দেখা গেল, ছাই পাশে অসংখ্য মূল্যবান ছবি। বিয়ামিত্র ও উবিলী, অর্জুন ও চিত্রাস্থার অবশ্য প্রণায়, প্রীকৃক ও গোপিনী দল,—ইত্যাদি। দোতলার প্রকাণ্ড হলে ইতালীয় চিত্রাবলী, এজনও ছুলাকের নামজালা ছবিওলো, আগী ইউজিনির সভাচিত্র, মোরেন্দের মেয়েরা, ময়য়ুদ্রপর নাইট এরালী, দাজে ও বিয়ারিচে! বিভিন্ন প্রকার রোমাঞ্চক্র ছবি কুলিয়ে যেন সমস্ত্র দোতলাটায় ময়নারীর মনের একটি বিশেব বক্তব্যকে প্রকাশ করা হছে।

লাবণ্য আড়ত্ত হয়ে উঠলো। শিবু বললে, কেমন লাগছে ? লাবণ্য ঘাড় নৈড়ে সম্মতি জানালো।

কথার সময় ছজনে গাড়ী নিয়ে ছিরে এলো। লাবণ্য জ্বন্দ্র কথা বলতে বলতে এনেছে সমস্ত পথটায়—অধ্যবসায়ে আর উংসাহে। ওর মধ্যেই দির্কে দে উপদেশ হিয়েছে কত রক্ষের। দির্ বেদ ভত পরিশ্রম না করে, দির্র সাধ্য বেন ভালো থাকে। দির্ব পাশে ব'লে লাবণ্য কত প্রলাপোন্তি করলো, কতবার ভা'র পিঠে আর ঘাড়ের কাছে লাবণ্য নিজের হাতধানা রাধলাে। দির্বন্দমন মনে হেলেছে। ছোট-লাহিড়ার দেই আগ্রুপনী মেয়েটা জনেক নীচে এবার নেমে এলে ভা'র পাছ্বানা বেন লেহন করছে। দির্ব্ আরু কোনো বক্তব্য নেই।

থার সাবধানে অনেকথানি দূরত্ব মাঝধানে রেথে শিরু আর লাবণ্য ছোট-লাহিড়ার আভিজ্ঞাতাভিমানী পরিবারের কাছে এসে বাড়ালো। বললে, খুড়িমা, লাবণার এ চাকরিটা বোলো না।

খুড়িমা বললেন, হোলো বা?

না, চাকরি পাওয়া লাস্যুর পক্ষে সম্ভব নয় !

তা'র গলার আওয়ান্ধ শুনে লাবণ্য একটু চমুকে ফিরে তাকালো। শিরু বললে, আমি তেবে ঠিক করেছি, আসছে কাল আপনাদের দেশেই ফিরে যেতে হবে; এদিকের ব্যবস্থা আমি সব করে দেবো।

খুড়িমা বললেন, তুমি বলছ তোমার এ-বাড়ীতে আমাদের আর । থাকা চলবে না?

লাবণ্য সহসা অধীর উত্তেজনায় বাঁপছে। কটাকে ভা'ব দিকে একবার তাকিয়ে দিবু বলনে, আপনি থাকবেন এ আমার সৌতাগ্য, কিন্ধু শুনতে পাছি আপনাধের থাকা নিয়ে নানা কথা উঠেছে।

লাবণ্য আর্তনাদ ক'রে উঠলো, তোমার একথার মানে কি, শিবলা?

শির শান্তকঠে বললে, বলুও আমার এখানে হুবিধে করতে পাছে না,—হেলেমছেৰ ত বটে! ও আর কতটুকু কাজ জানে!

খুড়িমাবললেন, সেত' বটেই। তা হ'লে আমাদের যাওয়াই স্থির হোলো?

নির্হাসিমূথে বললে, আপনিও বাংলা বাংলা করছিলেন ক'দিন,

—সেই ভালো। তা ছাড়া দেশের বাড়ী বালি পড়ে রয়েছে,—

আপনার বতরের তিটের সন্ধ্যে আলো জলবে না, দেটাও আপনার
পক্ষে হবের কথা বুড়িনা।

नावना हुई होत्व बाखन विकतिरह छैठला, थाक, व्यानक

ংগ্রেছ। চোরের মূবে ধর্মের কাহিনী ভ∺্ চাইনে। তুনি নিধ্যেবাদী, লোজোর, প্রতারক! কিন্তু একন ্তামাকে ব'লে রাহি, কলকাতাটা তোমার একার নয়।

খুড়িমা বললেন, টেচাস কেন লাবণ্য? যা বলে শোনন। মন দিয়ে ?

না, না—তৃষি জানো না, মা—একটা অতি সাংঘাতিক বিষক্রিয়ায় লাবণ্যর সবালটা বেন মূচড়ে তুমড়ে উঠছিল !

শিব্ আচকুণ কঠে বললে, তা ছাড়া আরে একটা কথা। আপেনি আত বড় থেয়ে নিয়ে কলকাভার অঞ্চানা কোন্ গলির্ডুলিতে থাকবেন, সেটা তালো দেখা বাবে না!

তুমি ঠিক 'লেছ, শিরু। আমার দেশে ফিরে যাওয়াই উচিত। জড়িত অস্পট ধরে ও-পাশ থেকে লাবণ্য বললে, বিধানঘাতক!

খ্ডিমা এবার রাগ ক'রে বললেন, লাবণা, ছেলেটাকে কেন তুই মিছেমিছি গাল দিন্?

নিছেমিছি ? তুমি'টিক জানো ? বেইমানকে তুমি বিধাস করো মা ?
শিবু হেসে বলগে, মেয়ের চেহারা দেখছেন, পুড়িমা ? ৬র দোষ
নেই'। এ বুগের হাওয়া, কলকাতার জল ! যাকুগে, আমি আপনাদের
যাবার বরত একশো টাকা দেবো। আর যদি অন্ত্রমতি করেন তবে
একটি অন্তরোধ—

খুড়িমা বললেন, কি শিবু ?

শিৰু বললে, লাবণার বিয়ের খরচ স্বন্ধপ আমি আপনার পায়ের কাছে হান্ধার পাটেক টাকা প্রণামী দিতে চাই!

কৃতজ্ঞতায় গদগদ হয়ে খুড়িমাবললেন, তুমি যথেইই দিলে বাবা, আবুকিছু চাইবার রাখলেনা। এখন সময় একজন চাকর এশে জানালো, আপনাকে জোনে ভাকছে! শিবুমুখ দিরিয়ে বললে, কে ভাকছে? কোথেকে? চাকরটা বললে, নীলিয়া রায়—বালীগঞ্জ থেকে—

শিবু বললে, তবে ওই কথাই রইলো, গুড়িয়া। কাল আপনাধের এখান থেকে যাওয়া, বেলা ছটোর গাড়ী। নকালেই আমি নব টাকা পাঠিছে দেবো। ভারপর আমাকে হেতে হবে একবার কলকাভার বাটরে।

খৃড়িনার পারের ধুলো নিয়ে আর কোনোদিকে জ্রন্দেপ নাত্র না ক'রে নির্চ'লে পেল। ওপানে তথন লাবণ্য পাথরের মতো ব'নে আক্সানিতে, অহলোচনায়, ক্লেক্সিচায় বেন একটা আদি অতহীন নরকর্তের মধ্যে প'ছে অন্ধের মতো আঁকুপাকু করছে!

কল্পান্ত

ছোভ্ৰিদিৰ বাড়াটা ছিল বেলেখাটার শেষপ্রাখে। এমন একটা
ঠিকানা বেটা খুঁলে বার কর**ে অমলকে বিদেহ বেগ পেতে হোলো।**আমলের বন্ধু রূপেন নাগপুর থেকে চিটি লিখে জানিয়েছে, তোরা যদি
জাপানীবের তবে নিতায়ই কল্কাতা ছেড়ে পালাস, তবে আমার
ছোড়দি বেচারীকেও বেখানে হোক নিয়ে হাস, ও বেচারীর কেউ
নেই।

শ্বমণ তথ্য পাথনি, কিছু বাদ্যপার গতর্পমেন্ট তথ্য পেয়েছিল।
দিলাপুরের পতনের পরেই গতর্পমেন্ট কাপতে কাপতে জানালো, যারা
কোনো সরকারী কাজ করে না, তারা পালিয়ে যাক্। জতরাং লক্ষ কক্ষ লোক্ষের মতন সমলত তার বাড়ীর লোকদের এবানে ওখানে সরাতে লাগলো। কেউ কাজী, কেউ পাটনা, কেউ বর্ধমান, কেউ বা র্গোহাট।

নুপেনের চিঠিতে ছোড়দিখির ঠিকানাটা ঠিকই ছিল, তবে সহর-ভলীর গলি-মুঁজি পেরিয়ে নাম-মধ্বহীন বাড়ীটি খুঁজে পেলবেলা অনেক বেড়ে গেল। তবন শীতের শেষ।

বন্ধুর নহোধরাকে অমলও ছোটবেলা থেকে চোড়দিদি ব'লে আকে। তবে এটা হোড়দিদির গ্রন্থবাড়ী। এ বাড়ীতে গটান চোকবার আগে অমল বাইরে থেকে ডাকলো, কেউ আছেন নাকি? ভাকাভাকি করতে করতে বছর পনেরো বয়দের একটি ফুটফুটে নেয়ে স্তর্পণে দরজার কাছাকাছি এনে বললে, কে ?

আমি অমল, ছোড়দিদি আছেন ?

তংকশাং দরকাধুলে গেল। বেরেটি হাসিমূধ বাড়িয়ে বললে, একি, অনল ম্যা, কীভাগি আনাধের ? আহন ?

অমল ভিতরে চুকে বললে, কেমন আছিল ভোরা টুছ? এখনও পালাদনি ?

কোধায় পালাবো বলুন ? এপাড়ায় ত সবাই চলে গেছে। স্বামরা এখনও স্বাছি, সন্ধোর পরে কী তয় করে ?

ভয় কা'কে রে ?

কেন, চোরের ভয় ?

অমল বললে, পাগলি চোরের প্রাণভর আরো বেশি,—তারাও পালিয়ে গেছে দকলের সঙ্গে।

টুতু হাদতে লাগলো।

এমন সময় মাধায় খোমচা টেনে ছোড়বিদি এলেন। তিনি বিধবা, বয়স আলাক বছর পরিত্রিশ হবে। তিনি শান্ত নম্র কঠে বললেন, এলো তাই—দিধিকে মনে পডলো?

অমল নূপেনের চিঠিথানা বা'র ক'রে বললে, আমাদের সঙ্গে সে আপনাকে যেতে বলেছে। নূপেন ধুব ব্যস্ত হয়েছে আপনাদের জন্ত।

ছোড়দিদি প্রশ্ন করলেন, স্বাই বৃধি পালাচ্ছ? ভোষার ভাই-বোনেরাও?

অথল বললে, হ্যা, এক একদলে এক একদিকে পালিয়েছে, তবে কাকা আর কাকীমা এখনও বাননি।

ভোষার বাবা ?

আমল বললে, বাবা ত এবালে বাকেন না। মা বাবা বাবার পর, থেকেই তিনি কাদী গিছে ধ্যেমিওপাথী ডাজারি করেন। আপনার এবানে আরু কাউকে বেবছিলে বে? আপনার তাহর কই?

হোড়াবিদি নত নত্র মূবে বলদেন, তিনি লপরিবারে চ'লে গেছেন-নলহাটি। বড় তরকের তঁরাও আল আটদিন হোলো পালিরে গেছেন।

অমল বললে, আপনার দিন্দিশেন্ডট্টী আর রাজানিদিরা? তাঁরা ছেলেমেয়েদের দবাইথে নিয়ে গেছেন মালদা।

সহসা অন্ধল একটু চাপা অভিনানে ফুলে উঠলো। বললে, নৃপেন আমাকে স্বাহিক ভেবেই লিপুৰছে। আছে। ছোড্চিদি, সত্যি বলুন ত?

দল্লেছ শাস্ত হেশে ছোঁড়দিদি বললেন, কি ভাই ?

জনল বললে, এটা আপনার গ্রন্থরের ভিটে, এখানে কাঁড়িয়ে কারো নিন্দে করতে চাইনে। কিন্ধ এখন বুবতে পাদ্ধি, আপনাকে কেলে সবাই পালিয়েছে। আপনি বিধবা, সহায় সম্বল নেই, আপনি লোকের বোঝা।

ছ্লি ভাই অমল, এদৰ কথা বলতে নেই !

কেন, বলবোনা ছোড়দি ?— মনল বললে, আপনি বিন্দুব্বর বিধবা, পরের দয়ায় নেরেটাকে থাইতে পরিয়ে আপনার দিন গাটে, আপনার দ্বন্ত পাচনের আলোচাল দিতে ওঁদের গায়ে লাগে. তর্ঘিন ওঁদের অনাচার আপনি মুখবুলে সইলেন—

অন্দ! বাক্ ছাই ওদৰ কথা!

অমল বললে, ছোড়দি আমাকে ক্ষমা করুন। এখানে গাড়িয়ে কিছু বলা আমার অধিকারের বাইরে, আপনি হয়ত পছন্দ করবেন না। ় কিছ মরি৷ পালিছে গেল তাবের প্রাণের চেত্রে আপনার আর টুছক্ব প্রাণের নাম কি কন ?

কোতে ও সমবেদনায় অমালের চোব হুটো বাপাচ্ছা হয়ে এলো।
' ছোড়বিদি কিছং অপ নিঃশব্দে বদে বইলেন। সহসা এক সময়ে সহাজ্য
মিইবর্টে বলনেন, তুমি একটা কথা তেবে দেখনি ভাই, আমরা চলে
গেলে এবাড়ী বে একেবারে থালি। এত বঁড় পুরোনো বাড়ী...দক্ষিণ
দিকে পাচিল নেই…সব্দায় আলো পড়বে না.—আমার গেলে চলবে
কেন ভাই ?

অমল বললে, কিছ্ক একা এখানে থাকলে আপানার চলবে কেমন ক'বে ছোড়দি ? তা ছাড়া টুম্ব এখন একটু বড় হয়েছে।

ছোড়বিদি বলগেন, সেই জন্তই আবো কোলাও বেতে সাহল নেই ভাই। এত বড় মেয়ে নিয়ে কোণায় মূবে বেড়াতে বাবো বলো? বর্ব'াত কাপড় না লোটে, নিজেবের পড়ো বরণানার মধ্যে ত' পড়ে ধাকতে পারবো? তাতে মান বাঁচবে—কেউ লেবতেও আনসহে না।

এমন সময় টুফু এক পেয়ালা চা হাতে নিয়ে এলো। হেনে বললে, ভাই-বোনে বেধা হলে মার রফে নেই। বক্কভা চলীছে ত ? এবার— মাপনি কবে পালাক্তেন বলুন ত অমল মামা ?

আমি কোধাও বাব না টুফু।

বাবেন না, তাহ'লৈ আমাৰের এখানে মাঝে আসবেন ও ? অমল হেসে বললে, জাপানীরা যদি না আলে তবে এক আগবার আসবো বৈকি।

ছোড়দিদি আর টুন্থ হুজনেই হেলে উঠলো। মা'রের পাশে ব'লে বললে, অনল মামা, এবার কিন্ধু একটা মজা থেখলুম। স্বাই পালাচ্ছে বটে—মেম্বরা কিন্ধু একটুও ভয় পারনি। তারা স্বাই হেলে আরু আমোৰে কৃটকৃটি। পুৰুষমায়ৰৱাই ভৱ পেরে বৌড় বিচ্ছে, আর , যেরেদের বাড়ে নিয়ে চুটছে, তাই না ?

আমল ছানিমুখে টুফর দিকে তাকাল। টুফ পুনরার বললে, মেরেরা বেশ মালা পেরে গেছে এবার। এই দেখুন না, ওবাড়ীর লোকেরা -ভিবিশ টাকা দিয়ে এক একথানা গরুর গাড়ী তাড়া করে, আানলো— এখান থেকে হাওড়া ইষ্টশান। মেলগিন্নী সঙ্গে নিল টিয়াপাধী, মেনি-বেড়াল, এক প্যাকেট তান, একটা নুড়ুর সেট---তারপর কত যে শাড়ী আর জায়া—

আনস্বদলে, তোমার ভয় করেনা, টুড়? আনার ? একটুও না। ভয় করলেই ভয় বাড়ে। যদি জপোনীরা বোমা জেলে, কিংবা আক্রমণ করে ? কলক।

তথন কি করবে তুমি?

টুয় বললে, ইংরেজরা কি করবে তাই আগে শুনি ? ছোড়দিদি ও অমল ছ'জনেই ধ্ব হেলে উঠলো।

অমল এই অবদরে চারিবিকে একবার তাকালো; একতালে
অবস্থা এবের বেশ তালোই ছিল কিছু তাপ্ততে তাপ্ততে এমন অবস্থার
এবে গাঁড়িয়েছে যে, জীবনমাত্রাটা এখন ছুরুহ হয়ে উঠেছে। দারিপ্রা
আর অনটন এবাড়ীর সর্বর স্থাপন্ত। উপার্জনের কেউ নেই অনুবভবিষ্যাতে যে সুবীর্ঘ ছুংসময় আনছে—শে অবস্থাটাকে প্রতিষ্ঠা, ব কারে
শক্ত হরে হাল মরার নতো নাছমণ্ড নেই। এই ছুটি নারীর দিন কেমন
ক'রে কাটবে বলা কঠিন।

কি কথা ব'লে অমল ওখনকার মতো বিদায় নেবে ভাবছে এমন সময় খিডকি দঃজা পেরিয়ে এক বৃদ্ধা মুক্তানেহে কাঁপতে কাঁপতে এই- , দিকে এলেন। তাঁকে দেখে ছোড়াদিদি একটু খোমটা টেনে উঠে দাড়িয়ে মুছকঠে বদলেন, তুমি একটু বলো ভাই, ঠাকুরগরের প্**লোটা** সেবে মাসি। টুয়, মামার কাছে একটু বোদ মা।

বৃদ্ধা এবে বললেন, এ ছেলেটি কে, ভাই ? টুয়ু বললে, জামার মেজমামার বৃদ্ধ,—জমলমামা !

ও, তা বেশ। একটু কিছু খেতে ধেনা দিধি! ওই যে সেই মুগের নাডু আছে বরে---ওই যে দেধিন দিয়ে গেল ওবাড়ীর ন'বৌ—

আচ্ছা দেবো, তুমি কাপড় ছাড়োগে, রাকাদিদি-

বৃড়ি গীরে গীরে চলে পেল। এই প্রাচীন ভগ্ন মন্ত্রীলিকার কোন মন্ধ্র গহরেরে বিকে গিলে বৃড়ি চুকলো,—ম্বার তারে সন্ধান পাওয়া পেলনা।

্টুক বললে অমলমামা, আপনাকে কিন্তু কৈছেই থেতে দিতে পারবোনা।

টুমুর সলজ্ঞ নতমূপের দিকে তাকিয়ে একটু বিপদ্নতাবে অমল বললে, থাবার কথা ভাবছো কেন

এইত চা খেলুম, আবার কি! এবার আমি উঠবো, টুফু--

কিরংক্ষণ পরে ছোড়দিনি শাস্ত পদক্ষেপে এসে দাঁড়ালেন। অমল বললে, তাহ'লে আমি নৃপেনকে কি লিখবো, ছোড়দি ?

ছোড়দিদি বললেন, তৃমি লিখে দিয়ো আমরা বেশ তালো আছি! আপনাবা তাহ'লে কোথাও বাচ্ছেন না?

হাসিমুখে ছোড়ানিদি বললেন, ভগবান কি করবেন তা ত' আর জানিনে ভাই। তাঁর মনে কি আছে তাও বুবিনে তবে আপাততঃ এখান বেকে কোখাও বাবার উপায় আমাদের নেই। অমল বললে, অবিভি প্রাণ্ডয়ে এগানে ানে পালিছে; বেডানোর চেমে এক ভাষগায় শক্ত হয়ে গাঁড়িয়ে থাকাই ভালো।

ছোড়াদিবি হেসে বললেন, পালাবার মতন টাকাও আমাধের দেই।
তা' ছাড়া অত বড় বেয়ে সঙ্গে নিয়ে কোষায় বাবো তাই? বিনকাল
একেই ত' তালো নয়,—চারখিকে মিলিটারি। কিছু একটা ঘটলে
বত্তরভাটী, বাপের বাড়ী—সকলেরই বদ্নাম। তমি নুপেনকে লিখে
বিয়ো অসল, আমরা কোষায়ও বাবো না।

আছে, আমি তবে এখন উঠি ছোড়খি—এই ব'লে অমল উঠে দীড়ালো। ছেনে পুনরার বলনে, চুছ, আপানীরা মরি আনে তাহ'লে কান ম'লেই তাড়িয়ো, কেমন ?

টুমু বললে, ইয়া অমলমামা, ভালা বন্দুকের বদলে ভালা বঁটিধানা রইলো ঘরে। ওরা তা'তেই ভয়ে পালাবে।

অনল হাসিত্বে বেরিয়ে সদর দরজা অবধি গেল, তারপর সহসা কি মনে ক'রে কিরে এলো। বললে, ছোড়দি, আগল কথাটাই ভূলে গেছি।

কি ভাই ?

ঁ নাগপুর থেকে নূপেন পচিপটে টাকা পাঠিছেছে আপেনাকে বেবার আছে—এই নিন। এই ব'লে অহল পকেট থেকে টাকা বা'র করলো।

ছোড়বিদি বললেন, আমার এখানে না পাঠিয়ে তেখার কাছে পাঠালোকেন ? সভিচ নূপেন পাঠিয়েছে ত ?

নিজের মুখের ভাব ধরাসাধ্য গোপন ক'রে অমল হেলে উঠলো। বললে, দে কি আর জানে আপনি এখানে এখনে। আছেন? ১৯৩ পালিয়ে গেছেন কোবাও, দে মনে করেছে! ি জ্রকুঞ্চন ক'রে ছোড়দি কি ষেন ভাবলেন পরে বললেন,ই্যা, এটা বিখাসযোগ্য ! আছো,—খুব উপকার করলে তমি,ভাই।

টাকা দিয়ে বিধায় সভাষণ আমনিয়ে আমল পেদিনকার মতো ভাড়াতাড়ি বেরিয়ে চলৈ পেল। পাছে হঠাং পিছন থেকে ডেকে ছোড়বিদি কিমনে ক'বে পঁচিশটে টাকা ফেবং থেন—এজন্ত অমল হন্হন্ক'রে গলির বাঁকে এক দিকে আদুভাহয়ে পেল।

কেক্ষারী নাগ থেকে বেশের ইতিহাসটা ববলাতে লাগলো!
নারখানে কিছুবিনের জন্ত বিদেশ থেকে ঘূরে এসে জনল বেবলা,
কলকাতা থেকে বেশীর ভাগ লোক একেবারেই পালিয়েছে। পথে
সন্ধার আপো জলে না, বাত্তের দিকে রাজপথের নারখান বিয়ে চলতে
গোলে গা ছন ছন করে। দিনের বেলা উত্তর ও দক্ষিণ কলকাতার
বতদূর বেবা বায়—পথ বাট জনবিওল। হাজার হাজার বাড়ীবর
শৃত্ত, বোকানগাট নিশ্চিত। দিবালোকে তবন দেশীর লোকের।
পালার, আর রাত্তির অক্কারে গা চাকা বিয়ে ইউরোপীয়রা পালার
প্রশাল টেব্যোগে। মৃত্যুতয়তীত, আত্তিকিত, সম্ভত জনসাধারণ।

অমণ আর ছোড়নিদিদের ওধানে গেল না। গোমা যথম পড়েনি, এবং জাপানীরাও ঢাল-তলোয়ার নিয়ে এনে পৌছয়নি তথন থেমন ক'বেই ছোক তাদের দিন কেটে বাচ্ছে বৈকি। অনেক দিন পরে নৃপেনের কাছ থেকে অমল একখানা চিটি পেলো, নৃপেন নাগপুর থেকে বিশেষ মিলিটারী কাজে বধাই চ'লে গেছে। বৃদ্ধ থামার আগে কয়ত সে আর কলকাতায় কিরতে পারবে না।

